

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৫- ৭০২

তারিখ: ০১ অগ্রহায়ন, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ খুলনা জেলার কয়রা উপজেলাধীন জয়পুর শিমলারআইট দারুলুছুমাহ দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ শফিকুল ইসলাম -এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না এ মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ১। ডিএমই ডকেট নং: ২৪৮০০; তারিখ: ২৭/১০/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন জয়পুর শিমলারআইট দারুলুছুমাহ দাখিল মাদ্রাসার সহকারী প্রাথমিক মোঃ জিয়াউর রহমান (ইনডেক্স নং-M0073940) এর ভূয়া নিয়োগ বোর্ড গঠন এবং জাল ফলাফল শীট তৈরি করে সুপার কর্তৃক সেপ্টেম্বর/২০২৫ মাসে নতুন এমপিওভুক্তির জন্য আবেদন প্রেরণ করা হলে তা অনুমোদন করা হয়। সুত্রোক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (গ) এবং (ঙ) অনুযায়ী মোঃ জিয়াউর রহমান এর বেতন ভাতা (এমপিও) স্থগিত করা হয়।

এমতাবস্থায়, খুলনা জেলার কয়রা উপজেলাধীন জয়পুর শিমলারআইট দারুলুছুমাহ দাখিল মাদ্রাসার জনাব মোঃ শফিকুল ইসলাম (ইনডেক্স নং-K364531) সুপার কর্তৃক ভূয়া নিয়োগ বোর্ড গঠন এবং জাল ফলাফল শীট তৈরি করে এমপিওভুক্তিতে সহযোগিতা করায় আপনার বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না এবং সহকারী প্রাথমিক মোঃ জিয়াউর রহমান (ইনডেক্স নং-M0073940) এর ইনডেক্স কেন কর্তন করা হবে না মর্মে আগামী ১৯/১১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সুপার, জয়পুর শিমলারআইট দারুলুছুমাহ দাখিল, খুলনা, কয়রা।
- ২। সহকারী প্রাথমিক জনাব মোঃ জিয়াউর রহমান (ইনডেক্স নং-M0073940)

মোঃ যুলবুল আহমেদ
সহকারী পরিচালক (অর্থ)

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০৮৯৩

অনুলিপি সদয় কার্যার্থে:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। সভাপতি, জয়পুর শিমলারআইট দারুলুছুমাহ দাখিল, খুলনা, কয়রা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৫। সংরক্ষণ নথি।